

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Bye-Election :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে নিযুক্ত ভোটকর্মীদের আজ থেকে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ হবে। আজ ও আগামীকাল ধর্মনগরের বীরবিক্রম ইনস্টিটিউশানে এই ভোট গ্রহণ করা হবে। উপনির্বাচনের রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন ১৫২ জন ভোট কর্মী রয়েছে।

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন উপলক্ষে গতকাল ধর্মনগরে নির্বাচনের কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক ড. হরিশ কুমার কে, জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন।

ADC-EVM :

এডিসি নির্বাচনের জন্য মধ্যপ্রদেশ থেকে ৩৫০০টি ই.ভি.এম কড়া নিরাপত্তায় গতকাল আগরতলার আনা হয়েছে। উমাকান্ত একাডেমি থেকে এই ই.ভি.এম-গুলি সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের তত্ত্বাবধানে প্রত্যেক জেলায় ওয়ার হাউজে নিয়ে যাওয়া হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন এখবর জানিয়েছেন।

Training Polling Personal:

ভোট কর্মী প্রশিক্ষণ সহ এডিসি নির্বাচনের প্রস্তুতি জোরকদমে এগিয়ে চলছে। জিরানীয়া নির্বাচনী ক্ষেত্রের ভোটের কাজে নিযুক্ত প্রিসাইডিং অফিসার ও অন্যান্য ভোট কর্মীদের দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ গতকাল চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। মান্দাইনগর পুলিনপুর নির্বাচনী ক্ষেত্রের ভোট কর্মীদের দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ আজ অনুষ্ঠিত হবে।

Good Friday :

আজ পবিত্র গুডফ্রাইডে। খ্রীষ্ট ধর্ম প্রবর্তক প্রভু যিশুর দ্রুশবিদ্ধ দিবস। এই উপলক্ষে রাজ্যেও খ্রীষ্টধর্মাবলম্বীরা উপবাস থেকে বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালন করে থাকেন। গুড ফ্রাইডে উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, গুড ফ্রাইডে প্রভু যীশু খ্রিস্টের অসীম ত্যাগ ও আত্মবলিদানের কথা স্মরণ করায়।

Petro:

মধ্য এশিয়ায় যুদ্ধ পরিস্থিতি এবং বিশ্বব্যাপী সরবরাহে বাধার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার আগামী ৩০ শে জুন পর্যন্ত গুরুত্বপূর্ণ পেট্রোকেমিক্যাল পণ্যের উপর সম্পূর্ণ শুল্ক ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অর্থমন্ত্রক বলেছে, দেশীয় শিল্পে গুরুত্বপূর্ণ পেট্রোকেমিক্যাল পণ্যের যোগান সহজ ও নিশ্চিত করতে এই পদক্ষেপ। এর ফলে দেশীয় শিল্প উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। এর মধ্যে রয়েছে প্লাস্টিক, প্যাকেজিং, টেক্সটাইল, ফার্মাসিউটিক্যালস, রাসায়নিক, স্বয়ংচালিত

উপাদান এবং অন্যান্য উৎপাদন বিভাগ | অর্থমন্ত্রক জানিয়েছে মোট ৪০টি পন্যে
শুল্ক ছাড় দেওয়া হয়েছে।

Food Department :

এদিকে ত্রিপুরা সরকারের খাদ্য দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বর্তমান যুদ্ধ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পেট্রোল ডিজেল, ইত্যাদি জ্বালানি তেলের অবৈধ মজুতের বিরুদ্ধে দপ্তরের সতর্ক নজরদারী রয়েছে। রান্নার গ্যাস LPG সিলিন্ডারের কালোবাজারী রুখতেও দপ্তর পদক্ষেপ নিয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো আরো হয়েছে যে যদি কেউ কোনো ধরনের কালোবাজারি এবং অসাধু কার্যকলাপে লিপ্ত হয় তাঁদের বিরুদ্ধে অত্যাবশ্যকীয় পণ্য আইনে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে বলে খাদ্য দপ্তরের পক্ষ থেকে সতর্ক করা হয়েছে।

Jan Vishwas Bill 2026.

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে সংসদে জন বিশ্বাস সংশোধনী বিল ২০২৬-এর অনুমোদন দেশবাসীর জীবনযাত্রা সহজ করা এবং ব্যবসাবানিজ্য সহজ করার ক্ষেত্রে বড় ভূমিকা নেবে।

একটি সামাজিক যোগাযোগ মাধ্যম পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন যে এই বিল পুরোনো আইনকানুন অপসারণ করে প্রশাসনিক কাঠামোকে একটি আস্থা ও বিশ্বাসের -ভিত্তিকে শক্তিশালী করবে যা নাগরিকদের ক্ষমতায়নের পথ আরও মসৃণ হবে। প্রধানমন্ত্রী মোদি উল্লেখ করেছেন যে এটি মামলার দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করবে এবং অপরাধমুক্তিকরণের মাধ্যমে মামলা নিয়ে বোঝা কমাতে। তিনি আরও যোগ করেছেন যে, বিল প্রণয়নের সময় যে পরামর্শমূলক পদ্ধতি গ্রহণ করা হয়েছে তা প্রশংসনীয়। সংসদে এই বিলের অনুমোদনে সমর্থন দেওয়ায় সকলকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন, ভারতের গতিশীল আকাঙ্ক্ষা এমন এক শাসন মডেলের দাবি করে যা কেবল দক্ষই নয়, গভীরভাবে নাগরিক-কেন্দ্রিক। গতকাল কর্মযোগী সাধনা সপ্তাহ ২০২৬ উপলক্ষে এক ভিডিও বার্তায় তিনি এই কথা বলেন। তিনি বলেন, বর্তমানের শাসন ব্যবস্থা 'নাগরিক দেবো ভব' মন্ত্র দ্বারা পরিচালিত, জনসেবাকে আরও সক্ষম, সংবেদনশীল এবং নাগরিক-কেন্দ্রিক করার উপর স্পষ্ট লক্ষ রয়েছে। শ্রী মোদী উল্লেখ করেন, কেপাসিটি বিল্ডিং কমিশন এবং মিশন কর্মযোগী প্রতিটি ভারতীয়ের আকাঙ্ক্ষা পূরণের জন্য এক আধুনিক, নিবেদিত কর্মীবাহিনী তৈরির মূল চাবিকাঠি। কেপাসিটি বিল্ডিং কমিশন ৮ই এপ্রিল পর্যন্ত সাধনা সপ্তাহ ২০২৬ পালন করবে। সপ্তাহব্যাপী কর্মসূচীতে কেন্দ্রীয় মন্ত্রক, রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং ২৫০টিরও বেশি সিভিল সার্ভিস ট্রেনিং ইনস্টিটিউশন সহযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্যোগ নেবে।

Weather.

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ বিক্ষিপ্ত ভাবে বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ঝড়ো ও দমকা হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।
